স্নাতক পাঠক্রম ( B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination )

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

# ফলিত পাঠক্রম
# ( Application Oriented Course)
# গার্হস্থ্য রসায়ন
## ( AOC-3 : Household Chemistry )

**সময় ঃ তিন ঘন্টা** — **পূর্ণমান ঃ ১০০**

Time : 3 hours — Full Marks : 100

( মানের গুরুত্ব ঃ ৭০% )

Weightage of Marks : 70%

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

### বিভাগ - ক

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন। ২০ × ২ = ৪০

(ক) (অ) তাপন মূল্য কাকে বলে ? এটির F.P.S. একক কি ? প্রডিউসার গ্যাস ও ওয়াটার গ্যাস কিভাবে প্রস্তুত করা হয় ? সৌরপাচক ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলি লিখুন। ২ + ১ + ৩ + ৪

(আ) জলদূষণের গুরুত্বপূর্ণ উৎসসমূহ কী কী ? কয়েকটি জলবাহিত রোগের নাম লিখুন। দূষিত জলের প্রাথমিক পরিশোধনের ধাপগুলি উল্লেখ করুন। জলের খরতার মাত্রা কিসের উপর নির্ভর করে ? ৪ + ২ + ৩ + ১



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(খ) (অ) গ্লিসারাইড কী ? গ্লিসারাইডে উপস্থিত একটি সম্পৃক্ত ও একটি অসম্পৃক্ত অ্যাসিডের নাম ও রাসায়নিক গঠন লিখুন। কোনো গ্লিসারাইডকে লঘু অ্যাসিড দিয়ে উত্তপ্ত করলে কী কী যৌগ পাওয়া যায় ? উৎপন্ন যৌগগুলির ব্যবহার লিখুন।

২ + ২ + ৩ + ৩

(আ) অম্লবৃষ্টি বলতে কি বোঝেন ? অম্লবৃষ্টির কারণ ও প্রভাব সম্বন্ধে আলোচনা করুন। কীভাবে অম্লবৃষ্টি নিয়ন্ত্রণ করবেন ? রাসায়নিক অক্সিজেন চাহিদা (C.O.D.) বলতে কী বোঝেন ?

২ + ৩ + ৩ + ২

(গ) (অ) বায়ুমণ্ডলে কীভাবে ওজোন স্তর সৃষ্ট হয় ? এই ওজোন স্তরের প্রধান ভূমিকা কী ? ওজোন স্তর ক্ষয়ের কারণ ও প্রভাব সংক্ষেপে আলোচনা করুন। ২ + ২ + ৬

(আ) সাবান ও পরিষ্কারকের মধ্যে পার্থক্যগুলি লিখুন। খরজল কাকে বলে ? খরতার মাত্রা কাকে বলে ? জলের স্থায়ী খরতা দূরীকরণের দুটি পদ্ধতি বর্ণনা করুন। ৩ + ২ + ১ + ৪

(ঘ) (অ) LSD ওষুধটির রাসায়নিক নাম কী ? এটির ব্যবহার লিখুন। এটি বেশিদিন ব্যবহার করলে কি অসুবিধা হয় ? ৫

(আ) সালফানিলামাইড ও সালফাপিরিডিনের প্রস্তুতি ও ব্যবহার লিখুন। ৫ + ৫

(ই) রঙ উৎপাদনের প্রয়োজনীয় উপাদানগুলির ভূমিকা আলোচনা করুন। ৫

## বিভাগ - খ

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন । ১২ × ৩ = ৩৬

(ক) (অ) 70°C—120°C এবং 350°C — 400°C তাপমাত্রায় পেট্রোলিয়ামের আংশিক পাতনের ফলে যে যে পাতিত পদার্থ পাওয়া যায় তাদের নাম ও ব্যবহার লিখুন।

(আ) দুটি কৃত্রিম রেজিনের নাম, প্রস্তুতি ও ব্যবহার লিখুন। ৬ + ৬

(খ) (অ) রঙ উৎপাদনের পদ্ধতি ও উপাদানগুলির সম্পর্কে আলোচনা করুন। ৬

(আ) তরুক্ষীর রঙ কাকে বলে ? ইমালশন রঙ ব্যবহারের দোষ ও গুণগুলি আলোচনা করুন।

২ + ৪

(গ) (অ) ক্রীম প্রস্তুতির বিভিন্ন উপাদানগুলি লিখুন ও উপাদানগুলির কাজ বলুন। ৬

(আ) ভালো ওষ্ঠরঞ্জকের কি কি গুণাবলী থাকা প্রয়োজন ? স্থায়ী চুলরঞ্জকের দুটি সংযোজক পদার্থের নাম লিখুন। ৪ + ২

(ঘ) (অ) পরিষ্কারকের রাসায়নিক সংকেত কী ? পরিষ্কারকের কার্যকারিতা সংক্ষেপে বর্ণনা করুন।

১ + ৫

(আ) প্রসাধনী সাবান প্রস্তুতির জন্য কি কি কাঁচামালের প্রয়োজন সেগুলি উল্লেখ করুন। ৬

(ঙ) (অ) জ্বর নিরাময়ের জন্য ব্যবহৃত একটি ওষুধের নাম, রাসায়নিক সংকেত ও প্রস্তুতি লিখুন। ৬

(আ) মিথাইল স্যালিসাইলেট কিভাবে প্রস্তুত করবেন ? এই ওষুধটির উপযোগিতা লিখুন। ৪ + ২

 [ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(চ) (অ) বায়ুদূষণের জন্য দায়ী গ্যাসগুলির উৎস ও ক্ষতিকারক প্রভাব বর্ণনা করুন। ৬

(আ) শক্তির চারটি বিকল্প উৎস লিখুন ও এদের ব্যবহারের সুবিধা অসুবিধাগুলি সংক্ষেপে বলুন।

৬

## বিভাগ - গ

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) কুইনিন কীভাবে নিষ্কাশন করা হয় তা আলোচনা করুন । এর ব্যবহার উল্লেখ করুন। ৬

(খ) সংক্ষিপ্ত টীকা লিখুন ঃ ৩ + ৩

(অ) হাইড্রোজিনোলিসিস্

(আ) চর্মরোগের ওষুধ।

(গ) কয়লার শ্রেণীবিভাগ করুন ও এদের পার্থক্যগুলি লিখুন। ৬

(ঘ) (অ) অ্যান্টিবায়োটিক কাকে বলে ? দুটি অ্যান্টিবায়োটিকের উদাহরণ দিন। ৩

(আ) বি.ও.ডি. ও সি.ও.ডি. ( B.O.D. ও C.O.D.) - এর পার্থক্যগুলি লিখুন। ৩

(ঙ) (অ) মিসেলি বলতে কি বোঝেন লিখুন ।

(আ) পরিষ্কারক প্রস্তুতিতে বিল্ডার্স-এর কার্যকারিতা উল্লেখ করুন। ৩ + ৩

(চ) (অ) অশোধিত তেল থেকে মুক্ত অ্যাসিড কীভাবে দূর করা যায় ?

(আ) ভালো বার্নিশের কি কি বৈশিষ্ট্য থাকা প্রয়োজন ? ৩ + ৩

(ছ) ইমালশান রঙ ও তরুক্ষীর রঙের পার্থক্য লিখুন ও এদের ব্যবহারের দোষগুণগুলি আলোচনা করুন। ৬

(জ) তরল সাবান কীভাবে প্রস্তুত করা হয় ? বর্ণনা করুন। ৬

**( English Version )**

***Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.***

**Group-A**

1. Answer any *two* questions. 20 × 2 = 40

A. (a) What is calorific value ? What is its F.P.S. unit ? How are producer gas and water gas prepared ? Write the advantages and disadvantages of using solar cooker. 2 + 1 + 3 + 4

(b) What are the sources of water pollution ? Write the names of a few water-borne diseases. State the primary purification steps for polluted water. What are the factors on which hardness of water depend ? 4 + 2 + 3 + 1

B. (a) What is glyceride ? Write the names and chemical structures of a saturated and an unsaturated acid present in glyceride. What compounds are obtained on heating a glyceride with dilute acid ? Write the uses of the compounds produced. 2 + 2 + 3 + 3





(b) What do you understand by acid rain ? Discuss the causes and effects of acid rain. What measures are to be taken to control acid rain ? What do you understand by chemical oxygen demand (C.O.D.) ?

2 + 3 + 3 + 2

C. (a) How is Ozone layer created in the atmosphere ? What is the main role of this Ozone layer ? Discuss the reasons of Ozone layer depletion and its effect. 2 + 2 + 6

(b) Write the differences between soap and detergent. What is meant by hard water ? What is degree of hardness ? Describe two methods for removal of permanent hardness of water. 3 + 2 + 1 + 4

D. (a) What is the chemical name of LSD drug ? Why is this drug used ? What happens when this drug is used for a long time ? 5

(b) Write the preparation and use of each of sulphanilamide and sulphapyridine. 5 + 5

(c) Discuss the role of different components of paint. 5

**Group - B**

2. Answer any *three* questions : 12 × 3 = 36

A. (a) Write the names and uses of the fractions obtained by fractional distillation of petroleum in the temperature ranges from 70°C — 120°C and 350°C— 400°C.

(b) Write the names, preparations and uses of two synthetic resins. 6 + 6





B. (a) Discuss the method of preparation of paint mentioning the component needed. 6

(b) What is called latex paint ? Discuss the merits and demerits of emulsion paint. 2 + 4

C. (a) Write the names of different components required for the preparation of cream and write the role of each component. 6

(b) What are the necessary features of a good lipstick ? Name two additives of a permanent hair dye.

4 + 2

D. (a) Write the chemical formula of detergent. Describe shortly the cleaning action of a detergent. 1 + 5

(b) Mention the necessary raw materials required for the preparation of luxury soap. 6

E. (a) Write the name, chemical structure and method of preparation of a medicine used in fever. 6

(b) How do you prepare methyl salicylate ? Write its utility. 4 + 2

F. (a) Describe the sources and adverse effects of the gases responsible for air pollution. 6

(b) Write four alternative sources of energy and write in brief the merits and demerits of each of their application. 6



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



**Group - C**

3. Answer any *four* questions. 6 × 4 = 24

A. Discuss how quinine is extracted. Mention its application. 6

B. Write short notes on the following :

(a) Hydrogenolysis

(b) Medicine of skin disease. 3 + 3

C. Give the types of coal and write their differences. 6

D. (a) What are antibiotics ? Give two examples. 3

(b) Write the differences between B.O.D. and C.O.D. 3

E. (a) What do you understand by micelle ?

(b) Mention the functions of builders in the preparation of detergents.

3 + 3

F. (a) How are free acids removed from unrefined oil ?

(b) What should have the qualities of a good varnish ? 3 + 3

G. Differentiate between emulsion paint and latex paint. Discuss the merits and demerits of their use. 6

H. How is liquid soap prepared ? Discuss.

6